গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কৃষি বিপণন অধিদপ্তর
আইসিটি শাখা
খামারবাড়ি, ফার্মগেট, ঢাকা-১২১৫।
www.dam.gov.bd

**স্মারক নম্বর:** ১২.০২.০০০০.০০০.০১৭.১৬.০০০২.২৪.৫৪

তারিখ: ২০ শ্রাবণ ১৪৩২ বঙ্গাব্দ
০৪ আগস্ট ২০২৫ খ্রিস্টাব্দ

বিষয়: **কৃষি বিপণন অধিদপ্তরের অভিযোগ প্রতিকার ব্যবস্থা সংক্রান্ত কর্ম-পরিকল্পনা ২০২৫-২০২৬ অনুযায়ী জুলাই/২০২৫ মাসের অগ্রগতির প্রতিবেদন প্রেরণ প্রসংগে।**

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, কৃষি বিপণন অধিদপ্তরের অভিযোগ প্রতিকার ব্যবস্থা সংক্রান্ত কর্ম-পরিকল্পনা ২০২৫-২০২৬ অনুযায়ী জুলাই/২০২৫ মাসের অগ্রগতির প্রতিবেদন প্রমাণকসহ এতদ্‌সংগে সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো।

সংযুক্তিঃ বর্ণনা মোতাবেক।

**সকল সংযুক্তিসমূহ:**
(১) GRS-Report-July-2025

০৪-০৮-২০২৫
নাসির-উদ-দৌলা
মহাপরিচালক (অতিরিক্ত দায়িত্ব)

সচিব
সচিবের দপ্তর, কৃষি মন্ত্রণালয়।

**দৃষ্টি আকর্ষণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**
উপসচিব, প্রশাসন-১ শাখা, কৃষি মন্ত্রণালয়।

**স্মারক নম্বর:** ১২.০২.০০০০.০০০.০১৭.১৬.০০০২.২৪.৫৪/১ (৩)

তারিখ: ২০ শ্রাবণ ১৪৩২ বঙ্গাব্দ
০৪ আগস্ট ২০২৫ খ্রিস্টাব্দ

সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):
১। সিস্টেম এনালিস্ট, আইসিটি সেল, কৃষি মন্ত্রণালয়।
২। প্রোগ্রামার, আইসিটি সেল, কৃষি মন্ত্রণালয়।
৩। সহকারী প্রোগ্রামার, আইসিটি সেল, কৃষি মন্ত্রণালয়।

০৪-০৮-২০২৫
মোঃ আবদুর রউফ মিয়া
পরিচালক

অভিযোগ প্রতিকার ব্যবস্থা

কৃষি বিপণন অধিদপ্তর
অভিযোগ প্রতিকার-সংক্রান্ত মাসিক প্রতিবেদন
জুলাই, ২০২৫

অভিযোগ প্রতিকারের সারসংক্ষেপ

| বিবেচ্য মাসে প্রাপ্ত অভিযোগের সংখ্যা | | | পূর্ববর্তী মাসের জের | সময় বর্ধিত | মোট অভিযোগ | অন্য দপ্তরে প্রেরিত | বিবেচ্য মাসে নিষ্পত্তিকৃত অভিযোগ | চলমান অভিযোগ | | অভিযোগ নিষ্পত্তির হার (%) |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ওয়েবসাইটের মাধ্যমে | প্রচলিত পদ্ধতিতে | স্বপ্রণোদিতভাবে গৃহীত | | | | | | নির্ধারিত সময় অতিক্রান্ত হয়নি | নির্ধারিত সময় অতিক্রান্ত হয়েছে | |
| (ক) | (খ) | (গ) | (ঘ) | (ঙ) | (চ) | (ছ) | (জ) ০ | (ঝ) | (ঞ) | |
| ০ | ০ | ০ | ০ | ০ | ০ | ০ | ০ | ০ | ০ | ০ |

আপিল নিষ্পত্তির সারসংক্ষেপ

| বিবেচ্য মাসে প্রাপ্ত আপিলের সংখ্যা | পূর্ববর্তী মাসের জের | মোট আপিল | বিবেচ্য মাসে নিষ্পত্তিকৃত আপিলের সংখ্যা | চলমান আপিলের সংখ্যা | | আপিল নিষ্পত্তির হার (%) |
|---|---|---|---|---|---|---|
| | | | | নির্ধারিত সময় অতিক্রান্ত হয়নি | নির্ধারিত সময় অতিক্রান্ত হয়েছে | |
| (ক) | (খ) | (গ) | (ঘ) | (ঙ) | (চ) | (ছ) |
| ০ | ০ | ০ | ০ | ০ ০ | ০ | ০ |

০৩/৮/২০২৫
ড. মোঃ রফিকুল ইসলাম
উপপরিচালক (কৃষি ব্যবসা উন্নয়ন)
কৃষি বিপণন অধিদপ্তর

অভিযোগ প্রতিকার ব্যবস্থা

কৃষি বিপণন অধিদপ্তর
আওতাধীন দপ্তরসমূহের মাসের অভিযোগ প্রতিকার-সংক্রান্ত মাসিক প্রতিবেদন

অভিযোগ প্রতিকারের সারসংক্ষেপ

| দপ্তরের নাম | বিবেচ্য মাসে প্রাপ্ত অভিযোগের সংখ্যা | | | পূর্ববর্তী মাসের জের | মোট অভিযোগ | অন্য দপ্তরে প্রেরিত | বিবেচ্য মাসে নিষ্পত্তিকৃত অভিযোগ | চলমান অভিযোগ | | অভিযোগ নিষ্পত্তির হার (%) |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | ওয়েবসাইটের মাধ্যমে | প্রচলিত পদ্ধতিতে | স্বপ্রণোদিতভাবে গৃহীত | | | | | নির্ধারিত সময় অতিক্রান্ত হয়নি | নির্ধারিত সময় অতিক্রান্ত হয়েছে | |
| দুঃখিত! কোনো তথ্য পাওয়া যায়নি | | | | | | | | | | |

আপিল নিষ্পত্তির সারসংক্ষেপ

| দপ্তরের নাম | বিবেচ্য মাসে প্রাপ্ত আপিলের সংখ্যা | পূর্ববর্তী মাসের জের | মোট আপিল | বিবেচ্য মাসে নিষ্পত্তিকৃত আপিলের সংখ্যা | চলমান আপিলের সংখ্যা | | আপিল নিষ্পত্তির হার (%) |
|---|---|---|---|---|---|---|---|
| | | | | | নির্ধারিত সময় অতিক্রান্ত হয়নি | নির্ধারিত সময় অতিক্রান্ত হয়েছে | |
| দুঃখিত! কোনো তথ্য পাওয়া যায়নি | | | | | | | |

০৩/৮/২০২৫

ড. মোঃ রফিকুল ইসলাম
উপপরিচালক (কৃষি ব্যবসা উন্নয়ন)
কৃষি বিপণন অধিদপ্তর

## আওতাধীন দপ্তরসমূহের তালিকা

| ক্রমিক | আওতাধীন দপ্তরের নাম | মোট অভিযোগ | অভিযোগ নিষ্পত্তির হার | সময় অতিক্রান্ত অভিযোগ |
|---|---|---|---|---|
| ১ | উপ-পরিচালকের কার্যালয়, কৃষি বিপণন অধিদপ্তর, ঢাকা বিভাগ, ঢাকা (dashboard.do?params=yUzM24CO5kDNxMDM4czMNDIzNQ==) | ০ | - | ০ |
| ২ | উপ-পরিচালকের কার্যালয়, কৃষি বিপণন অধিদপ্তর, বরিশাল বিভাগ, বরিশাল (dashboard.do?params=0kTM14iM5QDN1cDM2MDONDIzNw==) | ০ | - | ১ |
| ৩ | উপ-পরিচালকের কার্যালয়, কৃষি বিপণন অধিদপ্তর, চট্টগ্রাম বিভাগ, চট্টগ্রাম (dashboard.do?params=wYDN34iMyITMwkTM3QzNNDIzOA==) | ০ | - | ০ |
| ৪ | উপ-পরিচালকের কার্যালয়, কৃষি বিপণন অধিদপ্তর, খুলনা বিভাগ, খুলনা (dashboard.do?params=4MTMx4SNxcTNwMjN1UzNNDIzOQ==) | ০ | - | ০ |
| ৫ | উপপরিচালকের কার্যালয়, কৃষি বিপণন অধিদপ্তর, রাজশাহী বিভাগ, রাজশাহী (dashboard.do?params=0kTN2EzMuMjN0UDM2IDONDI0MQ==) | ০ | - | ১ |
| ৬ | উপপরিচালকের কার্যালয়, কৃষি বিপণন অধিদপ্তর, রংপুর বিভাগ, রংপুর (dashboard.do?params=wkjM34iN1UTM4YDN1kjMNDI0Mg==) | ০ | - | ০ |
| ৭ | উপ-পরিচালকের কার্যালয়, কৃষি বিপণন অধিদপ্তর, সিলেট বিভাগ, সিলেট (dashboard.do?params=wkTOw4SNwkTO1ADNwkjMNDI0Mw==) | ০ | - | ০ |

০৩/৮/২৫

ড. মোঃ রফিকুল ইসলাম
উপপরিচালক (কৃষি ব্যবসা উন্নয়ন)
কৃষি বিপণন অধিদপ্তর

বরাবর
অভিযোগ নিষ্পত্তি কর্মকর্তা
কৃষি বিপণন অধিদপ্তর

অভিযোগের তারিখ: ০৩-০৭-২০২৫
ট্র্যাকিং নম্বর: ১৭৬০২৪২৫৩১০০০২
কেস নম্বর: ২০২৫২৩৪৬০০০৩৫
অবস্থা: নিষ্পত্তি

**বিষয়: স্যার আসসালামু আলাইকুম আমি মোঃ আকিল আমিন শুভ একজন নতুন আলু চাষী। এবার আমি ২২ বিঘা আলু চাষ করেছিলাম। ব্যায় হয়েছে ১৮০০০০০ টাকা। ষ্টোরের অতিরিক্ত ভাড়া কেজি প্রতি ৬.৫০ টাকা, জোর করো চাপিয়ে দেওয়া বস্তার অতিরিক্ত ভাড়া, লেবার চার্জ, রিজেক্ট আলু ইত্যাদি সহ ৬৫ কেজির বস্তায় খরচ চলে যাচ্ছে ৫৯০ টাকা। অন্যদিকে আলু বিক্রি হচ্ছে ১৪.৫০ টাকা ×৬৫ কেজি= ৯৪২ টাকা ১ বস্তা আলু বিক্রি করে পাচ্ছি ৩৫২ টাকা। এভাবে আলুর দাম থাকলে আমার ১৫ লক্ষ টাকা লস হবে। স্যার আলুর বিষয়ে আপনারা কিছু করেন। আমাদের বাঁচান। ধার দেনা করে আলু করা আমরা কৃষকরা খুব ক্ষতিগ্রস্ত। স্যার আপনারা ছাড়া কৃষককে দেখার কেউ নাই।**

মহোদয়,

আপনার বিশ্বস্ত

মোঃ আকিল আমিন শুভ

মোবাইল নম্বর: ০১৭৬০২৪২৫৩১

## (৫) পদক্ষেপ: অভিযোগ নিষ্পত্তি

---

ড. মোঃ রফিকুল ইসলাম, উপপরিচালক, কৃষি ব্যবসা ও উন্নয়ন ব্যবস্থাপনা শাখা, কৃষি বিপণন অধিদপ্তর অভিযোগটি নিষ্পত্তি করেছেন।

তারিখ: বৃহস্পতি, ২৪ জুলাই ২০২৫ : ০৬:১৮ অপরাহ্ন

বিস্তারিত

আলুর অধিক উৎপাদনের কারণে সৃষ্ট পরিস্থিতি পর্যালোচনা এবং করণীয় নির্ধারণ বিষয়ক গত ২০/০৭/২০২৫ তারিখে কৃষি বিপণন অধিদপ্তর-এর মহাপরিচালক মহোদয়ের সভাপতিত্বে একটি সভা অনুষ্ঠিত হয়। সেই সভায় আলুর অধিক উৎপাদনের ফলে সৃষ্ট পরিস্থিতির উপর করণীয় বিষয়ে কিছু সুপারিশ প্রণয়ন করা হলো।

## (৪) পদক্ষেপ: মতামত প্রাপ্তি

---

কাজী ফৌজিয়া রহমান, সহকারী প্রশিক্ষণ কর্মকর্তা, আইসিটি শাখা, কৃষি বিপণন অধিদপ্তর মতামত প্রদান করেছেন যা ড. মোঃ রফিকুল ইসলাম, উপপরিচালক, কৃষি ব্যবসা ও উন্নয়ন ব্যবস্থাপনা শাখা, কৃষি বিপণন অধিদপ্তর-এর নিকট প্রেরণ করা হয়েছে।

তারিখ: বৃহস্পতি, ২৪ জুলাই ২০২৫ : ০৬:১০ অপরাহ্ন

বিস্তারিত

আলুর অধিক উৎপাদনের কারণে সৃষ্ট পরিস্থিতি পর্যালোচনা এবং করণীয় নির্ধারণ বিষয়ক গত ২০/০৭/২০২৫ তারিখে কৃষি বিপণন অধিদপ্তর-এর মহাপরিচালক মহোদয়ের সভাপতিত্বে একটি সভা অনুষ্ঠিত হয়। সেই সভায় আলুর অধিক উৎপাদনের ফলে সৃষ্ট পরিস্থিতির উপর করণীয় বিষয়ে কিছু সুপারিশ প্রণয়ন করা হয়। যা নিম্নরূপঃ

**সিদ্ধান্ত/সুপারিশ:**

বাংলাদেশে আলু খাতের টেকসই উন্নয়ন নিশ্চিতকল্পে বাজার ব্যবস্থাপনা স্থিতিশীলকরণ, রপ্তানি প্রক্রিয়া গতিশীলকরণ এবং কৃষক ও রপ্তানিকারকদের জন্য অনুকূল ব্যবসায়িক পরিবেশ সৃষ্টির উদ্দেশ্যে সভায় উপস্থাপিত পরিসংখ্যান বিশ্লেষণ এবং অংশীজনদের মতামতের আলোকে নিম্নোক্ত সুপারিশসমূহ প্রণয়নের জন্য সর্বসম্মতিক্রমে নিম্নলিখিত সিদ্ধান্ত গৃহীত হয়ঃ

১. স্বল্পমেয়াদী (১-৩ মাস) সুপারিশসমূহ -

১.১। আলু রপ্তানিতে পূর্বে রপ্তানিকারকেরা ২০ শতাংশ হারে রপ্তানি প্রণোদনা প্রাপ্ত হতেন। বর্তমানে ১০ শতাংশ হারে প্রণোদনা পাওয়ায় প্রতিযোগী পার্শ্ববর্তী দেশসমূহের সাথে প্রতিযোগিতায় পিছিয়ে পড়েছেন। দেশীয় বাজার ভারসাম্য ও রপ্তানি বৃদ্ধির জন্য প্রণোদনার হার পূর্বের ন্যায় ২০% করার উদ্যোগ গ্রহণ;

১.২। উচ্চফলনশীল ও রপ্তানিযোগ্য আলু বীজ (বিশেষ করে হল্যান্ডের জাত) আমদানিতে প্রযোজ্য শুল্ক যৌক্তিক পর্যায়ে কমিয়ে এনে স্থানীয় চাষিদের সহায়তা করতে জাতীয় রাজস্ব বোর্ড (এনবিআর)-কে অনুরোধ করা;

১৩। কৃষি মন্ত্রণালয় কর্তৃক প্রদত্ত ভর্তুকির তালিকায় সান-সাইন জাতের আলু বীজ যুক্ত করে চাষিদের উৎসাহিতকরণ।

১৪। কৃষি বিপণন অধিদপ্তর কর্তৃক নির্ধারিত হিমাগারের ভাড়া (বর্তমানে কেজি প্রতি ৬ টাকা ৭৫ পয়সা) যৌক্তিক হারে কমিয়ে পুনর্নির্ধারণ করা;

১.৫। দূরত্বভিত্তিক ট্রাক ভাড়ার হার সুনির্দিষ্টভাবে নির্ধারণের মাধ্যমে পরিবহন খরচ নিয়ন্ত্রণ;

১.৬। বিআরটিসি কর্তৃক নির্ধারিত হারে ভাড়ায় ট্রাক সরবরাহের ব্যবস্থা গ্রহণ এবং নিয়মিত মনিটরিং-এর ব্যবস্থা করা;

১৭। আলুর গুণগত মান নিশ্চিত করে আন্তর্জাতিক বাজারে প্রবেশের সুবিধার্থে রপ্তানির আগে Pest Risk Analysis (PRA) পরীক্ষা বাধ্যতামূলক করা;

১.৮। আলু চাষী বা কৃষকদের জন্য প্রণোদনা/ভর্তুকি দ্রুত বিতরণে স্বচ্ছ ব্যবস্থা প্রতিষ্ঠা।

২. মধ্যমেয়াদী (৪-৬ মাস) সুপারিশসমূহ -

২.১। অধিকতর আধুনিক বৈজ্ঞানিক পদ্ধতি (Predicting tools) অনুসরণ করে যথাসম্ভব যৌক্তিক ও সঠিক মাত্রার বার্ষিক আলুর চাহিদা, উৎপাদন ও রপ্তানির পরিমাণ নির্ধারণ;

২.২। পুরাতন কম ফলনশীল রোগপ্রবণ জাত, বিশেষ করে মুন্সিগঞ্জ এলাকায় বহুল প্রচলিত হল্যান্ড জাতের আলু প্রতিস্থাপন করে 'সান সাইন'সহ উন্নত, উচ্চ ফলনশীল, রপ্তানিযোগ্য এবং রোগপ্রতিরোধী জাতের আলু-সম্প্রসারণে একটি বিশেষ কর্মসূচি গ্রহণ:

২.৩। কৃষি বিপণন অধিদপ্তর কর্তৃক প্রণীত উৎপাদন খরচ (বর্তমানের প্রতি কেজি ১৪ টাকা) এবং হিমাগার ভাড়া (বর্তমানের প্রতি কেজি ৬.৭৫ টাকা) পুনর্বিবেচনা ও প্রয়োজন অনুযায়ী যৌক্তিকভাবে পুনঃনির্ধারণ করা।

২.৪। অঞ্চলভিত্তিক আলু উৎপাদন খরচ প্রকাশ করা;

২.৫। রপ্তানিতব্য আলু দ্রুত সময়ে ও সঠিক তাপমাত্রায় জাহাজীকরণের জন্য একটি নির্ধারিত রপ্তানি-উপযোগী বিশেষায়িত অঞ্চল নির্ধারণসহ উত্তরাঞ্চলে কমপক্ষে ৪-৫টি প্লাগিং স্টেশন ও রপ্তানি-উপযোগী শীতলীকরণ জোন স্থাপন;

৩২.৬। রপ্তানি সরবরাহ শিকলে নিরবিচ্ছিন্ন শীতলীকরণ অবস্থা বজায় রাখার জন্য আধুনিক কুলিং সিস্টেম চালুকরণ ও রক্ষণাবেক্ষণ;

২.৭। রাশিয়ায় পুনরায় আলু রপ্তানি চালুকরণের জন্য কার্যকর কূটনৈতিক প্রচেষ্টা/উদ্যোগ গ্রহণ;

২.৮। চুক্তিভিত্তিক কৃষি (Contract Farming) পদ্ধতির বিস্তার এবং সম্পাদিত চুক্তির যথাযথ বাস্তবায়ন নিশ্চিতকরণের লক্ষ্যে কৃষকদের প্রয়োজনীয় প্রশিক্ষণ প্রদান, ব্যাপক গণসচেতনতামূলক প্রচারণা, উদ্বুদ্ধকরণ সভা আয়োজন এবং একটি কার্যকর ও বাস্তবভিত্তিক আইনি কাঠামো প্রণয়ন করা;

২.৯। Bangladesh Good Agricultural Practices (BGAP) অনুসরণ করে নিরাপদ, মানসম্মত ও রপ্তানিযোগ্য আলু চাষ পদ্ধতির বিস্তারের লক্ষ্যে কৃষকদের উপযোগী প্রশিক্ষণ প্রদান, ব্যাপক গণসচেতনতামূলক প্রচার পরিচালনা এবং উদ্বুদ্ধকরণ সভার আয়োজন করা;

২.১০। নিরাপদ খাদ্য নিশ্চিতকরণের লক্ষে কীটনাশক ও সারের পরিমিতভাবে ব্যবহারে কৃষকদের সচেতনতা বৃদ্ধির উদ্দেশ্যে কৃষকদের উপযোগী প্রশিক্ষণ প্রদার্ন, ব্যাপক গণসচেতনতামূলক প্রচার পরিচালনা এবং উদ্বুদ্ধকরণ সভার আয়োজন করা;

২.১১। প্রান্তিক কৃষকদের উৎপাদিত আলু সংরক্ষণের সক্ষমতা বৃদ্ধি এবং পণ্য অপচয় হ্রাসের লক্ষ্যে টেকসই ও পরিবেশবান্ধব ছোট আকারের হিমাগার নির্মাণসংক্রান্ত কৃষি বিপণন অধিদপ্তরের চলমান প্রকল্পের মেয়াদ ও কার্যক্রম সম্প্রসারণ;

২.১২। রপ্তানি বৃদ্ধির সুবিধার্থে ফাইটোস্যানিটারি পরীক্ষা সহজলভ্য করা এবং ফাইটোস্যানিটারি সার্টিফিকেটের বিদ্যমান ফি যৌক্তিক হারে কমানোর জন্য প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করা;

২.১৩। কৃষিপণ্য রপ্তানিতে বিদ্যমান প্রতিবন্ধকতা দূরীকরণের মাধ্যমে রপ্তানি খাতে গতিশীলতা আনয়নের লক্ষ্যে যৌথ পরিকল্পনা ও সিদ্ধান্ত গ্রহণের নিমিত্ত কৃষি বিপণন অধিদপ্তরের তত্ত্বাবধানেকৃষক ও রপ্তানিকারকদের সমন্বয়ে একটি রপ্তানি গতিশীলকরণ প্লাটফর্ম গঠন।

৩. দীর্ঘমেয়াদী (১-২ বছর): সুপারিশসমূহ -

৩.১। আন্তর্জাতিক বাজারে বাংলাদেশের কৃষিপণ্যের প্রসার ও ব্র্যান্ডিং নিশ্চিতকরণের লক্ষ্যে নিয়মিত কৃষিপণ্য প্রদর্শনী ও মেলার আয়োজন এবং বিভিন্ন দেশে অবস্থিত বাংলাদেশের দূতাবাস/হাইকমিশনের মাধ্যমে নতুন বাজার অনুসন্ধান করা;

৩.২। আলু রপ্তানির জন্য ডিজিটাল ই-কমার্স প্লাটফর্ম স্থাপনের উদ্যোগ গ্রহণ। এটি কৃষকদের ন্যায্য মূল্য নিশ্চিত করে আন্তর্জাতিক বাজারে সরাসরি আলু বিপণনের সুযোগ সৃষ্টি করবে। এটি কৃষক ও রপ্তানিকারকদের মধ্যে সরাসরি সংযোগ স্থাপন করে আলুর বাজারজাতকরণ ও রপ্তানি প্রক্রিয়া সহজতর করবে। প্লাটফর্মটিতে মূল্য নির্ধারণ, লেনদেন ও সরবরাহ শৃঙ্খল ব্যবস্থাপনা ডিজিটাল পদ্ধতিতে নিশ্চিত হবে;

৩.৩। আলু প্রক্রিয়াজাতকরণ শিল্প (চিপস, স্টার্চ ইত্যাদি) বিকাশে বেসরকারি বিনিয়োগ উৎসাহিত করার পদক্ষেপ গ্রহণ প্রয়োজন। এ লক্ষ্যে প্রয়োজনীয় প্রযুক্তি সহায়তা প্রদান করা যেতে পারে যা আলুর মূলা সংযোজন ও রপ্তানি বৃদ্ধিতে ভূমিকা রাখবে;

৩.৪। ব্লক-ভিত্তিক কৃষকদের প্রশিক্ষণ এবং রপ্তানীকারকের সাথে সমন্বয় প্রতিষ্ঠাকরণ। রপ্তানি বাজার স্থিতিশীল করতে বায়ার-সেলার দীর্ঘমেয়াদী চুক্তি প্রণয়ন;

৩.৫। আলু সংরক্ষণে সোলার-চালিত হিমাগার ও পরিবেশবান্ধব শীতলীকরণ প্রযুক্তি ব্যবহারের উদ্যোগ গ্রহণ প্রয়োজন। এটি প্রান্তিক কৃষকদের জন্য শক্তি সাশ্রয়ী ও টেকসই সমাধান নিশ্চিত করবে, পাশাপাশি আলুর গুণগত মান ও সংরক্ষণকাল বৃদ্ধি করবে;

৩.৬। জলবায়ু সহনশীল ও উচ্চমূল্যের আলু জাত (অর্গানিক, রঙিন আলু) উদ্ভাবন ও সম্প্রসারণ।

উপরোক্ত সুপারিশমালা হতে আপনি আপনার জন্য করণীয় বিষয়ে পরামর্শ নিতে পারেন। যা আপনার উপকারে আসতে পারে।

ড. মোঃ রফিকুল ইসলাম, উপপরিচালক, কৃষি ব্যবসা ও উন্নয়ন ব্যবস্থাপনা শাখা ড. মোঃ রফিকুল ইসলাম, উপপরিচালক, কৃষি ব্যবসা ও উন্নয়ন ব্যবস্থাপনা শাখা ড. মোঃ রফিকুল ইসলাম, উপপরিচালক, কৃষি ব্যবসা ও উন্নয়ন ব্যবস্থাপনা শাখা ড. মোঃ রফিকুল ইসলাম, উপপরিচালক, কৃষি ব্যবসা ও উন্নয়ন ব্যবস্থাপনা শাখা ড. মোঃ রফিকুল ইসলাম, উপপরিচালক, কৃষি ব্যবসা ও উন্নয়ন ব্যবস্থাপনা শাখা ড. মোঃ রফিকুল ইসলাম, উপপরিচালক, কৃষি ব্যবসা ও উন্নয়ন ব্যবস্থাপনা শাখা ড. মোঃ রফিকুল ইসলাম, উপপরিচালক, কৃষি ব্যবসা ও উন্নয়ন ব্যবস্থাপনা শাখা ড. মোঃ রফিকুল ইসলাম, উপপরিচালক, কৃষি ব্যবসা ও উন্নয়ন ব্যবস্থাপনা শাখা ড. মোঃ রফিকুল ইসলাম, উপপরিচালক, কৃষি ব্যবসা ও উন্নয়ন ব্যবস্থাপনা শাখা ড. মোঃ রফিকুল ইসলাম, উপপরিচালক, কৃষি ব্যবসা ও উন্নয়ন ব্যবস্থাপনা শাখা ড. মোঃ রফিকুল ইসলাম, উপপরিচালক, কৃষি ব্যবসা ও উন্নয়ন ব্যবস্থাপনা শাখা ড. মোঃ রফিকুল ইসলাম, উপপরিচালক, কৃষি ব্যবসা ও উন্নয়ন ব্যবস্থাপনা শাখা

## (৩) পদক্ষেপ: মতামতের জন্য প্রেরণ করা হয়েছে

---

ড. মোঃ রফিকুল ইসলাম, উপপরিচালক, কৃষি ব্যবসা ও উন্নয়ন ব্যবস্থাপনা শাখা, কৃষি বিপণন অধিদপ্তর অভিযোগটি মতামতের জন্য প্রেরণ করেছেন।

প্রধান প্রাপক:কাজী ফৌজিয়া রহমান, সহকারী প্রশিক্ষণ কর্মকর্তা, আইসিটি শাখা, কৃষি বিপণন অধিদপ্তর

তারিখ: বৃহস্পতি, ২৪ জুলাই ২০২৫ : ০৬:০৭ অপরাহ্ন

বিস্তারিত

মতাবত দিন

(২) পদক্ষেপ: অভিযোগ অন্য দপ্তরে প্রেরিত

---

মোহাম্মদ এনামুল হক , যুগ্মসচিব, প্রশাসন অধিশাখা, কৃষি মন্ত্রণালয় কর্তৃক অভিযোগটি ড. মোঃ রফিকুল ইসলাম, উপপরিচালক, কৃষি ব্যবসা ও উন্নয়ন ব্যবস্থাপনা শাখা, কৃষি বিপণন অধিদপ্তর -এর দপ্তরে প্রেরিত হয়েছে।

তারিখ: সোমবার, ০৭ জুলাই ২০২৫ : ১০:২৭ অপরাহ্ন

বিস্তারিত

আবেদনটির বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

(১) পদক্ষেপ: নতুন অভিযোগ প্রাপ্তি

---

অভিযোগকারী কর্তৃক মোহাম্মদ এনামুল হক , যুগ্মসচিব, প্রশাসন অধিশাখা, কৃষি মন্ত্রণালয় এর নিকট প্রেরিত।

তারিখ: বৃহস্পতি, ০৩ জুলাই ২০২৫ : ১১:৫৫ পুর্বাহ্ন

বিস্তারিত

অভিযোগকারী একটি নতুন অভিযোগ জমা দিয়েছেন